দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 FEB 2016
পৃষ্ঠা ১৭ কলাম ৬

# বাঘায় ছাত্র-পুলিশ সংঘর্ষে আহত ১০

## এইচএসসি পরীক্ষা কেন্দ্র পরিবর্তনের দাবি

■ বাঘা (রাজশাহী) সংবাদদাতা

বাঘায় এইচএসসি পরীক্ষার কেন্দ্র পরিবর্তনের দাবিতে শিক্ষার্থীরা রাস্তা অবরোধ করে বিক্ষোভ করে। এতে বাধা দিতে গিয়ে দফায়-দফায় পুলিশ ও শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া এবং সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় পুলিশ, ব্যবসায়ী ও শিক্ষার্থীসহ প্রায় ১০ জন আহত হয়েছে। বাঘার শাহদৌলা ডিগ্রি কলেজ এলাকায় এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সোমবার দুপুরে বাঘা শাহদৌলা ডিগ্রি কলেজের শিক্ষার্থীরা তাদের এইচএসসি পরীক্ষার কেন্দ্র তেঁথুলিয়ার পরিবর্তে বাঘায় আনার দাবি নিয়ে কলেজ চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে। এরপর মিছিলটি উপজেলা পরিষদ চত্বর প্রদক্ষিণ করে ফিরে আসার পর তারা কলেজ গেটের সামনে রাস্তা অবরোধ করে। এর ফলে যান-জটের সৃষ্টি হয়।

এ খবর পেয়ে ঘটনা স্থালে থানা পুলিশ এসে তাদের ধাওয়া করলে উভয় পক্ষের মধ্যে ব্যপক সংঘাত, ইট-পাটকেল নিক্ষেপ ও ধাওয়া-পাল্টার ঘটনা ঘটে। এ ঘটনায় ৪ পুলিশসহ ১০ জন আহত হয়েছে। আহতদের স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা দেয়া হয়েছে।

বাঘা থানা ওসি আলী ম্যাহামুদ জানান, রাস্তায় যান-জট সৃষ্টি হওয়ার পর ঘটনাস্থলে পুলিশ এলে ছাত্ররা পুলিশকে লক্ষ্য করে ইট-পাটকেল ছুড়ে। এ সময় উভয় পক্ষের মধ্যে কিছুটা ধাওয়া পাল্টার ঘটনা ঘটে।



বাঘা (রাজশাহী): পুলিশ ও পরীক্ষার্থীদের ধাওয়া পাল্টা ধাওয়ার একটি মুহূর্ত -ইত্তেফাক